



২য় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষামন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.০০৪.১৭-৬৮

তারিখ: ২১ ফাল্গুন, ১৪২৬ব.
০৫ মার্চ, ২০২০ খ্রি.

বিষয় : পটুয়াখালী জেলার দুমকি উপজেলাধীন দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাযিল মাদ্রাসা এর পরিদর্শন প্রতিবেদনের ব্রডশীট জবাবের দুটি আপত্তির {১৫.১(ঝ) ও ১৫.৫(ক) অনুচ্ছেদ} উপর টিএমইডি প্রদত্ত সিদ্ধান্ত বাস্তবায়নক্রমে প্রমাণকসহ তথ্য টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: টিএমইডি এর অডিট শাখার স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০১.০৩০.১৭-১১০, তারিখ: ১৬.১১.২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকি উপজেলাধীন দক্ষিণ মুরাদিয়া ফাযিল মাদ্রাসা-এর তদন্ত প্রতিবেদনের উপর গত ০৫/০৩/২০১৭ খ্রি. তারিখের সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পুনরায় উক্ত ব্রডশীটের দুটি আপত্তির {১৫.১(ঝ) ও ১৫.৫(ক) অনুচ্ছেদ} উপর জেলার শিক্ষা অফিসার ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ডিজির মতামত পর্যালোচনান্তে ব্রডশীট জবাবের উপর টিএমইডি প্রদত্ত সিদ্ধান্ত বাস্তবায়নক্রমে প্রমাণকসহ তথ্য প্রেরণের জন্য ডিজি, ডিএমই ও অধ্যক্ষ-কে টিএমইডি থেকে পত্র প্রেরণ করা হয়।

০২. এক্ষণে, উক্ত পত্রটি ১৬.১১.২০১৭ খ্রি. তারিখে প্রেরণ করা হলেও টিএমইডি এর নির্দেশনা অনুযায়ী প্রমাণক অদ্যাবধি অত্র বিভাগে পাওয়া যায়নি। বারবার অনুরোধ সত্ত্বেও টিএমইডির নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত চাহিত তথ্য না পাওয়া দুঃখজনক যা সুস্পষ্ট দায়িত্ব অবহেলার সামিল।

০৩. এখানে উল্লেখ্য যে, ডিআইএ এর তদন্তে পটুয়াখালী জেলার দুমকি উপজেলাধীন দক্ষিণ মুরাদিয়া ফাযিল মাদ্রাসা-এর আরবি প্রভাষক জনাব মজিবুর রহমান এর নিয়োগ অবৈধ মর্মে প্রমানিত হওয়ায় উক্ত শিক্ষককে স্থায়ীভাবে চাকুরিচ্যুত এবং এমপিও স্থায়ীভাবে বন্ধ করাসহ আরবি প্রভাষক জনাব মজিবুর রহমান কর্তৃক এ যাবৎ গৃহীত সাকুল্য টাকা সরকারি কোষাগারে জমাকরণ নিশ্চিত করা প্রয়োজন।

০৪. এমতাবস্থায়, সূত্রে বর্ণিত স্মারকে প্রদত্ত টিএমইডি এর নির্দেশনা অনুযায়ী গৃহীত কার্যক্রমের তথ্য প্রমাণক টিএমইডি-তে প্রেরণ না করার কারণ ব্যাখ্যাসহ ব্রডশীট জবাবের দুটি আপত্তির ১৫.১(ঝ) ও ১৫.৫(ক) অনুচ্ছেদ সংশ্লিষ্ট আপত্তি টিএমইডি প্রদত্ত সিদ্ধান্ত (০৩ অনুচ্ছেদের সিদ্ধান্তসহ) বাস্তবায়নক্রমে বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসহ তথ্য আগামী ১৯.০৩.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়-কে ২য় বারের মতো নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৫.০৩.২০
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)

ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম এবং ১০ম তলা),
নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩. অধ্যক্ষ, দক্ষিণ মুরাদিয়া মহিলা ফাযিল মাদ্রাসা, উপজেলা: দুমকি, জেলা: পটুয়াখালী।

০৪. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৫-০৬. অফিস কপি/ মাষ্টার কপি।